স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৫

মেজর বাংলা

সেমেস্টার: ৩ কোর্স: MJBENG05

(ছন্দ-অলংকার-শৈলীবিজ্ঞান)

সময় : ৩ ঘন্টা পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

একক-১

১। উদাহরণসহ কলাবৃত্ত রীতির বৈশিষ্ট্য ও বৈচিত্র্য আলোচনা করো। ১৫

অথবা

২। পয়ার কী? বাংলা ছন্দের তিন রীতিতেই পয়ার কীভাবে রচিত হয়, উদাহরণসহ দেখাও। ৩+১২ = ১৫

৩। যে-কোনো একটি বিষয়ে উদাহরণসহ আলোচনা করো: ৫

(ক) ছন্দের শোষণশক্তি (২) প্রত্নকলাবৃত্তের বৈশিষ্ট্য (৩) মিশ্রবৃত্ত রীতির মাত্রানির্ণয় পদ্ধতি

একক-২

৪। বাংলা কবিতায় মন্দাক্রান্তা ছন্দের ব্যবহার সম্পর্কে উদাহরণসহ একটি নিবন্ধ লেখো। ১০

অথবা

৫। অমিত্রাক্ষর থেকে মুক্তক – বাংলা ছন্দোমুক্তির ক্রমবিবর্তনের বিষয়টি উদাহরণসহ আলোচনা করো। ১০

৬। যে-কোনো **দুটি** পদ্যাংশের ছন্দোলিপি প্রস্তুত করো: ২x৫=১০

(ক)
দুয়ার এঁটে ঘুমিয়ে আছে পাড়া
কেবল শুনি রাতের কড়ানাড়া
'অবনী বাড়ি আছো?'
বৃষ্টি পড়ে এখানে বারোমাস
এখানে মেঘ গাভীর মতো চরে
পরাঙ্মুখ সবুজ নালিঘাস
দুয়ার চেপে ধরে–
'অবনী বাড়ি আছো?'

(খ)
জাগাও শহরের প্রান্তে প্রান্তরে
ধূসর শূন্যের আজান গান ;
পাথর করে দাও আমাকে নিশ্চল
আমার সন্ততি স্বপ্নে থাক।

(গ)
চলে ভৈরবা ভৈরবী নন্দিভৃঙ্গী।
মহাকাল বেতাল তাল ত্রিশৃঙ্গী।।
তলে ডাকিনী যোগিনী ঘোর বেশে।।
চলে শাঁখিনী পেতিনী মুক্ত কেশে।।

একক-৩

৭। উদাহরণসহ **দুজোড়া** অলংকারের তুলনা করো : ২x৬=১২

(ক) যমক ও শ্লেষ (খ) উৎপ্রেক্ষা ও রূপক (গ) অতিশয়োক্তি ও ব্যাজস্তুতি (ঘ) সিনেস্থেসিয়া ও ইমেজারি

৮। যে-কোনো দুটি উদ্ধৃত অংশের অলংকার নির্ণয় করো : ২x৪ = ৮

(ক) যামিনী আসিত যবে মানবের গেহে
ধরণী লইত টানি শ্রান্ত তনুগুলি
আপনার বক্ষ- পরে।

(খ) আমি কি ডরাই, সখি, ভিখারী রাঘবে?

(গ) অচক্ষু সর্বত্র চান অকর্ণ শুনিতে পান,
অপদ সর্বত্র গতাগতি।

(ঘ) গাহিতে চাহিছে হিয়া পুরাতন ক্লান্ত বরষের
সর্বশেষ গান।

একক-৪

৯। সংসক্তি কাকে বলে? সংসক্তির বিভাজনগুলি উদাহরণসহ আলোচনা করো। ৫+১০=১৫

অথবা

১০। শৈলীবিজ্ঞানের সঙ্গে ভাষাতত্ত্ব ও নন্দনতত্ত্বের সম্পর্ক যুক্তিসহ নির্ণয় করো। ১৫

১১। টীকা লেখো (যে-কোনো **একটি**): ৫

(ক) বিচ্যুতি (খ) সমান্তরতা (গ) প্রমুখন

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ৩ কোর্স: MJBENG 06

প্রাগাধুনিক পর্বের নির্বাচিত গ্রন্থ

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দিতে হবে।

একক - ১

১। চর্যাগীতির পাঠ্য গান অবলম্বনে সমকালীন জীবন-যাপনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

২। 'নগরবাহিরি রে ডোম্বী তোহোরি কুড়িআ।' — ছত্রটির আলোকে ১০ সংখ্যক চর্যাগানের ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো। ১৫

একক - ২

৩। বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' লৌকিক জীবন রসের কাব্য। — সংক্ষেপে আলোচনা করো। ১৫

৪। বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যের কৃষ্ণ চরিত্র সঙ্গতিহীন, ফলত ব্যর্থসৃষ্টি। — এবিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

একক - ৩

৫। রামচন্দ্রের বনবাস যাত্রার প্রস্তাবনা-পর্ব হিসেবে কৃত্তিবাসী রামায়েণের আদি কাণ্ডের গুরুত্ব আলোচনা করো। ১৫

৬। 'সতাইর সেবায় বাপার পরম পিরীতি।' — কে কোন প্রসঙ্গে এই কথা বলেছেন? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৬+৭=১৫

একক - ৪

৭। পাঠ্য পদাবলি অবলম্বনে আক্ষেপানুরাগের পদ রচনায় চণ্ডিদাসের কবিকৃতি বিচার করো। ১৫

৮। 'মাথুর' কাকে বলে? 'মাথুর' পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির বিশেষত্ব ব্যাখ্যা করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোন **দু'টি**) : ২×৫=১০

(ক) লুই পা (খ) 'নপুংসক আইহনের রাণী'

(গ) কেকয়ী ও মন্থরার কথোপকথন (ঘ) 'মাধব, হাম পরিণাম নিরাশা'

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোন **পাঁচটি**) : ৫×২=১০

(ক) 'দুলি দুহি পিটা ধরণ না জাই'। — এর সহজ বাংলা কী?

(খ) সহজসুখের চারটি 'শূন্যতা' কী কী?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যের কোন খণ্ডে কোন রাসলীলার বর্ণনা রয়েছে?

(ঘ) রাধার 'চতুর্মাসী' বিরহে কোন কোন মাসের উল্লেখ রয়েছে?

(ঙ) 'আমার সোহাগের তুমি বুঝিলা পরীক্ষা'। — কে কার প্রতি একথা বলেছেন?

(চ) 'রাত্রদিন কেকয়ী রাজার কাছে থাকে'। — এই ছত্রটির অর্থ লেখো।

(ছ) 'দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া'। — ছত্রটি কোন কবির কোন পর্যায়ের পদ?

(জ) 'নখ দাড়িম-বিজ ইন্দু-রতন জিনি'। — অর্থ লেখো।

-----------

স্নাতক পরীক্ষা, ২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ৩ , SEC BENG03

(সাহিত্যপাঠ, পাঠান্তর-চর্চা)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

৫ নং ও ৬ নং প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১। টেক্সটের 'পাঠান্তর' বলতে কী বোঝ? টেক্সটের পাঠান্তর কত রকমের হতে পারে তার দৃষ্টান্ত দাও। সাহিত্যের আলোচনায় পাঠান্তরের গুরুত্ব উদাহরণসহ আলোচনা করো। ২+২+৮=১২

২। বুদ্ধদেব বসুর 'ব্যর্থ' কবিতা 'দময়ন্তী' কাব্যগ্রন্থে বদলে যাচ্ছে 'দ্রৌপদীর শাড়ি' নামে। এই পাঠান্তরের প্রকৃতি ও গুরুত্ব পর্যালোচনা করো। ১২

একক ২

৩। পুথি সম্পাদক পুথি সম্পাদনার সময় কোন কোন বিষয় গুরুত্ব দেন, তা আলোচনা করো। ১২

৪। বাংলা পুথির কালনির্ণয় বিষয়ে নিবন্ধ রচনা করো। ১২

৫। যে-কোনো **দুটি** টীকা লেখো: ২x৫=১০

ক) 'লেখা কুমারী ও ছাপা সুন্দরী'

খ) পুথির পাঠান্তর আর মুদ্রিত সাহিত্যের পাঠান্তর

গ) লিখন সহায়ক উপকরণ

ঘ) 'শাকে ইন্দু সিন্ধু রস বিন্দু পায় তাতে/ সমাপ্তি কুম্ভের অষ্টবিংশাহ্নি সন্ধ্যাতে'।

৬। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও: ৩x২=৬

ক) 'অনলাইন বিচিত্রা' কোন প্রতিষ্ঠানের প্রকল্প? এই প্রকল্পটির কার্যকারিতা সম্পর্কে সংক্ষেপে লেখো।

খ) রবীন্দ্রনাথের সাহিত্যের পাঠান্তর প্রসঙ্গে বলতে গিয়ে 'কবির মনস্ক্রিয়ার গতি' শব্দবন্ধটি কে ব্যবহার করেছিলেন? কথাটির তাৎপর্য কী?

গ) ত্রিপুরাব্দ ও মল্লাব্দ থেকে খ্রিষ্টাব্দ কীভাবে নির্ণয় করতে হবে?

ঘ) শিফন মেরামত কী?

ঙ) তোলাপাঠ কাকে বলে?

চ) পুষ্পিকা কী?

**4 Year Undergraduate Examination 2025 (NEP)**
**Sem 3 Minor Bengali MNBENG02A Course 3**
**Course Name : বাংলা ভ্রমণ সাহিত্য**
**( For Regular and Back Candidates)**

Time: 3 Hours　　　　　　　　　　　　　　　　　　　　Full Marks: 80

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি একক থেকে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ১৩ নম্বর প্রশ্নের উত্তর আবশ্যিক।

একক ১

১। মধ্যযুগের বাংলা সাহিত্যে ভ্রমণের প্রসঙ্গ কীভাবে এসেছে ব্যাখ্যা করো। ১৫

২। রবীন্দ্রনাথের ভ্রমণ-সাহিত্যের পরিচয় দাও। ১৫

৩। সৈয়দ মুজতবা আলীর *দেশে-বিদেশে* বইটি শুধু ভ্রমণের অভিজ্ঞতার জন্য নয়, বাঙালির রসবোধকেও তৃপ্ত করেছে, আলোচনা করো।

একক ২

৪। পালামৌর প্রকৃতি সঞ্জীবচন্দ্রের লেখায় কীভাবে ধরা পড়েছে বিশ্লেষণ করো। ১৫

৫। কলকাতার অভিজাত সম্প্রদায়ের দৃষ্টিতে পালামৌর প্রকৃতি ও জনজাতি জীবনের যে চিত্র *পালামৌ* বইতে উঠে এসেছে তা নিজের ভাষায় আলোচনা করো। ১৫

৬। *পালামৌ* গ্রন্থে লেখকের যাত্রাপথের বিবরণ দাও। ১৫

একক ৩

৭। বাঙালি মহিলা রচিত প্রথম ভ্রমণ-কাহিনির গুরুত্ব বিচার করো। ১৫

৮। ইংরেজের গার্হস্থ্য জীবনের যে ছবি কৃষ্ণভাবিনী দাসের লেখায় আছে তার বিবরণ দাও। ১৫

৯। যে কোনো দুটি বই অবলম্বনে আধুনিক বাংলা ভ্রমণসাহিত্যের পরিচয় দাও। ১৫

একক ৪

১০। *হিমালয়ের পথে পথে-* অবলম্বনে লেখক উমাপ্রসাদ মুখোপাধ্যায়ের ব্যক্তিগত দর্শন ব্যাখ্যা করো। ( For Back Candidates only) ১৫

১১। *অমৃত কুম্ভের সন্ধানে* উপন্যাসটির নামকরণ সম্পর্কে তোমার অভিমত দাও। ১৫

১২।*অমৃত কুম্ভের সন্ধানে* উপন্যাসের মধ্যে লেখকের দর্শন কীভাবে ধরা পড়েছে আলোচনা করো। ১৫

১৩। যে-কোনো চারটি বিষয়ে টীকা লেখো। ৪×৫=২০

ক) ইবন বাতুতা　　খ)‘ *তীর্থমঙ্গল*　　গ) *পালামৌ-* এ কোল জীবনযাত্রা

ঘ) ইংল্যান্ডে রবিবার　　ঙ) কালকূট　　চ) *অমৃতকুম্ভের সন্ধানে*র শ্যামা

**Four Year Undergraduate Examination 2025 (NEP)**
**Multidisciplinary Course in Bengali**
**Semester- III**
**Course : MDBENG03**
**(For Regular & Back Candidates)**
**(বাংলা আখ্যান, গদ্য ও নাটক)**

Time : 3 Hours | Full Marks : 60

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে। ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক।

একক – ১

১। অদম্য ইচ্ছাশক্তির উপর ভর করে প্রতিকূলতার বিরুদ্ধে লড়াই করে এগিয়ে চলাই 'কোনি' উপন্যাসের মূল সুর--- আলোচনা করো। ১৫

২। সাঁতারের জগৎ ও তার ভেতরের রাজনীতি 'কোনি' উপন্যাসে কীভাবে ফুটে উঠেছে তার বিবরণ দাও। ১৫

৩। "সব পারে, মানুষ সব পারে, ফাইট কোনি ফাইট" --- উদ্ধৃতির আলোকে বক্তা ক্ষিতীশের চরিত্রটির বিচার করো।১৫

একক - ২

৪। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়-এর 'তালনবমী' গল্পে দারিদ্র্য, স্বপ্ন ও স্বপ্নভঙ্গের কথা কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো। ১৫

৫। 'আদাব' গল্পটি মানবিকতার সার্থক চিত্রণ। --- গল্পটি ব্যাখ্যা করে এই বক্তব্যের যৌক্তিকতা বিচার করো। ১৫

৬। মহাশ্বেতা দেবীর 'বান' গল্পে সামাজিক বঞ্চনার যে চিত্র ফুটে উঠেছে তা নিজের ভাবনা অনুযায়ী বর্ণনা করো। ১৫

একক - ৩

৭। বঙ্কিমচন্দ্রের 'বাঙ্গালা সাহিত্যের আদর' প্রবন্ধে দুটি চরিত্রের Dramatic Personality বা নাটকীয় ব্যক্তিত্ব কীভাবে প্রতিফলিত হয়েছে, তা আলোচনা করো। ১৫

৮। সুভাষ মুখোপাধ্যায়ের 'হাত বাড়াও' প্রবন্ধের বিষয়বস্তু বা ভাববস্তু সম্পর্কে আলোচনা করো। ১৫

৯। নাটকের মূল বিষয়বস্তু অবলম্বন করে 'অবাক জলপান' নাটকের পরিশেষে পথিকের জলপ্রাপ্তি কীভাবে ঘটে তার বর্ণনা দাও। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) ৩×৫ = ১৫

ক। বিষ্টুচরণ ধর

খ। কোনির দাদার স্বপ্ন

গ। "মাটির ভিতর শিকড় অনেক দূর চলে গেছে।"

ঘ। 'দিনকাল' গল্পের অন্ত্য চরিত্র

ঙ। 'অবাক জলপান' নাটকে পথিক ও বৃদ্ধদের কথোপকথনে সৃষ্ট হাস্যরস

চ। বাংলা চিত্রকলায় বিদেশি সোনার কাঠি

Four Year Undergraduate Examination (NEP) 2025

Subject : AECC—MIL (Bengali)

Semester : III

BASIC COURSE IN BENGALI (MOOC)

Time : 2 hours | Full Marks : 40

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ২x১৫=৩০

ক. বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

খ. প্রাচীন বাংলা ও আধুনিক বাংলার বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

গ. বাংলা ভাষায় ক্রিয়ার কাল কত প্রকার ও কী কী তা উদাহরণসহ বিস্তারিত আলোচনা করো।

ঘ. বাংলা লিপির ক্রমবিকাশের ইতিহাসে বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

ঙ. প্রাচীন বাংলা ও মধ্য বাংলা লিপির সঙ্গে আধুনিক বাংলা লিপির গঠনগত সাদৃশ্য ও বৈসাদৃশ্য সম্পর্কে আলোচনা করো।

চ. উদাহরণসহ বাংলা যুক্তাক্ষরের বিশেষত্ব আলোচনা করো।

২. টীকা লেখো (যে-কোনো দুটি) ২x৫=১০

ক. ব্রাহ্মী লিপি

খ. বিপরীতার্থক শব্দ

গ. লোকসংস্কৃতি বনাম শিষ্ট সংস্কৃতি

ঘ. বাংলা সর্বনাম

ঙ. প্রাচীন বাংলার সাহিত্যিক নিদর্শন

চ. বাংলা গদ্যের প্রথম পর্যায়